**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 28.06.2026** **Desk in Charge: Susmita M.**

**Time: 1-30PM** **Edit:- Raktim B./ Jayanta S.**

**DEO: KB** **Compile & NRT : Prabir B.**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে, জুন মাসে দেশে তৈরি C-295 বিমাণের সফল উড়ানের ফলে ভারত বিমান চলাচল ক্ষেত্রে বড় সাফল্য অর্জন করেছে। দেশীয় প্রযুক্তিতে তৈরি INS দুনাগিরি, INS সংশোধক এবং INS অগ্রয় ভারতের নৌবহরের মর্যাদা বৃদ্ধি করেছে।

২। আকাশবাণীর মন কি বাতে তিনি আজ তিনি বলেন ভারতের সঙ্গীত, সাহিত্য, আধ্যাত্মিকতা সারা বিশ্বে প্রভাব ফেলেছে।

৩। সেশলসের রাজধানী ভিক্টোরিয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং সে দেশের প্রেসিডেন্ট প্যাট্রিক হার্মিনির মধ্যে দ্বিপাক্ষিক আলোচনা চলছে।

৪। মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যুদ্ধবিরতি কার্যত ভেঙে পড়ার পর পশ্চিম এশিয়ায় নিরাপত্তা পরিস্থিতি মারাত্মক অবনতি ঘটেছে।

৫। আইসিসি মহিলা টি-টোয়েন্টি বিশ্বকাপে আজ লন্ডনের লর্ডসের মাঠে গ্রুপ-এ-র শেষ ম্যাচে ভারত অস্ট্রেলিয়ার মুখোমুখি হবে। খেলা শুরু হবে ভারতীয় সময় সন্ধ্যা সাতটায়।

************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে, জুন মাসে ‘মেড ইন ইন্ডিয়া’ C-295 বিমানের সফল প্রথম উড্ডয়নের মাধ্যমে ভারত বিমান চলাচল ক্ষেত্রে বড় সাফল্য অর্জন করেছে। আকাশবাণীতে প্রচারিত ‘মন কি বাত’ অনুষ্ঠানে দেশবাসীর উদ্দেশে ভাষণ দেওয়ার সময় প্রধানমন্ত্রী জানান যে, ভারতে এ ধরনের ৪০টি বিমান তৈরি করা হচ্ছে। এরফলে দেশ, সুরক্ষা ও আত্মনির্ভরতার লক্ষ্যে অনেকটা পথ এগিয়েছে। তিনি কলকাতায় সম্প্রতি নৌবাহিনীর একটি অনুষ্ঠানের উল্লেখ করে বলেন, দেশীয় প্রযুক্তিতে তৈরি INS দুনাগিরি, INS সংশোধক এবং INS অগ্রয় ভারতের নৌবহরের মর্যাদা বৃদ্ধি করেছে। যুদ্ধবিমান ক্ষেপণাস্ত্র তৈরির পরীক্ষাতেও ভারত সফল হয়েছে। এই জাহাজগুলোর নকশা থেকে শুরু করে নির্মাণ—সবকিছুই যে সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি, তা জেনে প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন। তিনি জানান যে, জুন মাসে ডিআরডিও (DRDO) একটি দেশীয় ‘লং-রেঞ্জ ল্যান্ড-অ্যাটাক ক্রুজ মিসাইল’-এর সফল পরীক্ষাও চালিয়েছে। ডিআরডিও-র গবেষণাগার এবং ভারতের শিল্প-অংশীদাররা যৌথভাবে এটি তৈরি করেছে। মোদী উল্লেখ করেন যে, সমুদ্র থেকে আকাশ—সর্বত্রই ভারত ক্রমশ আরও বেশি নিরাপদ ও আত্মনির্ভরশীল হয়ে উঠছে।

( বাইট- INS নৌবাহিনী )

প্রধানমন্ত্রী আন্তর্জাতিক যোগ দিবস নিয়েও কথা বলেন। এই দিবসটি উদযাপনে ভারতের প্রচেষ্টার সঙ্গে সারা বিশ্ব একাত্ম হয়েছিল। তিনি আমেদাবাদে অনুষ্ঠিত ‘ওয়ার্ল্ড যোগাসন চ্যাম্পিয়নশিপ’-এর কথাও উল্লেখ করেন, যেখানে ভারত ১০২টি স্বর্ণপদকসহ মোট ১১৪টি পদক জয় করেছে।

বর্তমান প্রযুক্তির যুগেও নবরূপে গড়ে ওঠা নালন্দা বিশ্ববিদ্যালয়, ভারতের পুরনো ঐতিহ্যকে আবার নতুন ভাবে ফিরিয়ে এনেছে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেছেন। প্রাচীন ঐতিহ্যকে বর্তমান সময়ের সঙ্গে জুড়ে দেওয়ার নালন্দা বিশ্ববিদ্যালয়ের এই প্রয়াসের, প্রশংসা করেন তিনি।

প্রধানমন্ত্রী বলেন, ভারতের সংগীত, সাহিত্য, আধ্যাত্মিকতা গোটা বিশ্বে প্রভাব ফেলেছে। এপ্রসঙ্গে তিনি ডোমিনিকান রিপাবলিক নামে একটি দেশের কথা উল্লেখ করেন। সেখানে খুব কমসংখ্যক ভারতীয় থাকলেও, তারাই সংস্কৃতি ও আধ্যাত্মিকতা বাঁচিয়ে রাখতে

লাগাতার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। দেশটির স্পেনিস ভাষী কিছু মানুষ 'ব্রহ্মকমল ডোমিনিকানা' নামে একটি দল'ও গঠন করেছে। ( বাইট- ব্রহ্মকমল / )

প্রধানমন্ত্রী বলেন, খেলাধুলার প্রতি দেশের যুবাদের আগ্রহ বেড়েছে। খেলাধুলোকে ক্যারিয়ার হিসাবেও বেছে নিচ্ছেন তারা। এ প্রসঙ্গে তিনি নাগাল্যান্ডের বেবি লিগের কথা উল্লেখ করেন। শিশুদের মনে এই লীগ ইতিবাচক প্রভাব ফেলেছে

( বাইট- খেলা-বেবি লিগ/ )

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তার "মন কি বাত" এ ভারতের উত্তর-পূর্বাঞ্চলের রাজ্য মেঘালয়ের রুট ব্রিজের উল্লেখ করেন। প্রকৃতি ও মানুষের অপূর্ব মেলবন্ধনে এই রুট ব্রিজ, গোটা বিশ্বের কাছেই দৃষ্টান্ত হয়ে উঠেছে বলে তিনি উল্লেখ করেন।

মহারাষ্ট্রের নান্দেড়-এর বাহাদুরপুরা গ্রামের পেঠকার পরিবারের একটি বিশেষ উদ্যোগের কথা এ-প্রসঙ্গে স্মরণ করে শ্রী মোদী বলেন, ওই পরিবার আর্থিকভাবে দুর্বল পরিবারগুলিকে সাহায্য করার জন্য নিজেদের বাড়ির অনুষ্ঠান উপলক্ষ্যে তাঁরা গ্রামের প্রায় সাড়ে তিন হাজার মানুষের জন্য দুর্ঘটনা-বীমার ব্যবস্থা করেছে। এপ্রসঙ্গে কেন্দ্রীয় সরকারের গৃহীত একাধিক প্রকল্পের কথাও উল্লেখ করে, কুড়ি টাকার বার্ষিক প্রিমিয়ামে ২ লক্ষ টাকা পর্যন্ত দুর্ঘটনা-বীমা পাওয়ার ক্ষেত্রে "প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা"র সুবিধার কথা তিনি উল্লেখ করেন। বছরে ৪৩৬ টাকা দিয়ে দুর্ভাগ্যজনক মৃত্যুতে ২ লক্ষ টাকার কভারেজের "প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনা"-র প্রসংগও তুলে ধরেন।

( বাইট- দুর্ঘটনা বিমা )

প্রধানমন্ত্রী বলেন, কুসংস্কার, অন্ধবিশ্বাস থেকে উত্তরণের পথ মানুষ এখন খুঁজে পাচ্ছে। তিনি এ প্রসঙ্গে জীব-বিজ্ঞানী পূর্ণিমা দেবী বর্মনের উদ্যোগের কথা উল্লেখ করেন। পরিবেশকে পরিচ্ছন্ন রাখতে আসামের দুর্লভ প্রজাতির পাখি হাড়গিলা, এখন মানুষের কুসংস্কারের বেড়াজাল ডিঙিয়ে মানুষের বন্ধু হয়ে উঠেছে।

পশ্চিম এশিয়ার সঙ্কট পরিস্থিতিতে তিনি দেশবাসীর কাছে **কৃষিকাজে** রাসায়নিক সারের বদলে **প্রাকৃতিক সার** ব্যবহার করার আহ্বান জানিয়েছিলেন। দেশবাসী তাঁর আবেদনে সাড়া দেওয়ায় তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন প্রধানমন্ত্রী।

পরিচ্ছন্ন গ্রাম শহর গড়ে তুলতে আশেপাশের **আবর্জনা নিষ্কাশন** বিশেষ করে প্লাস্টিক বর্জ্য সরিয়ে নেওয়ার ক্ষেত্রে দেশের মানুষ এখন অনেক বেশি দায়িত্ব পালন করছে বলে প্রধানমন্ত্রী মনে করেন।তিনি এ প্রসঙ্গে মধ্যপ্রদেশের রাজগড় জেলার বেওরার মহিলাদের কথা উল্লেখ করেন দেশ।

**জল সঞ্চয়ের** গুরুত্বের কথা উল্লেখ ক'রে বর্তমান বর্ষা মরসুমে জলের প্রতিটি ফোঁটা রক্ষায় নাগরিকদের এগিয়ে আসার আহ্বান জানান প্রধানমন্ত্রী।

আসন্ন **গণেশ** উৎসবের কথা উল্লেখ ক'রে প্রধানমন্ত্রী সে-সময় **কুম্ভকার**দের মাটির মূর্তি তৈরির আবেদন জানান। নাগরিকদেরও মাটির মূর্তি কিনতে উৎসাহিত ক'রে শ্রী মোদী বলেন, যেহেতু বিসর্জনের পর মাটির মূর্তি জলে বিলীন হয়ে যায়, ফলত, নদী, পুকুর ও সর্বোপরি আমাদের পরিবেশ সুরক্ষিত থাকে। আবার, স্থানীয় কারিগরদের কাছ থেকে মূর্তি কিনলে '**ভোকাল ফর লোকাল**'-এর বার্তাও প্রতিফলিত হয়।

( বাইট- **কুম্ভকার** )

***************************

সেশলসের রাজধানী ভিক্টোরিয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং সে দেশের প্রেসিডেন্ট প্যাট্রিক হার্মিনির মধ্যে দ্বিপাক্ষিক আলোচনা চলছে। উভয় নেতাই দ্বিপাক্ষিক সহযোগিতার সামগ্রিক দিক পর্যালোচনা করবেন এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়াবলি নিয়ে মতবিনিময় করবেন। এর আগে, স্টেট হাউসে তাঁকে গার্ড অফ অনার প্রদান করা হয়। এ সময় প্রেসিডেন্ট হার্মিনিও সেখানে উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রী মোদীর সেশেলসের জাতীয় পরিষদে ভাষণ দেওয়ার এবং সেখানে বসবাসরত ভারতীয় সম্প্রদায়ের সদস্যদের সঙ্গে মতবিনিময় করার কথা রয়েছে। এরপর তিনি সম্মানিত অতিথি হিসেবে সেশেলসের জাতীয় দিবসের সুবর্ণজয়ন্তী উদযাপনে যোগ দেবেন। এই উদযাপনে ভারতীয় প্রতিরক্ষা বাহিনীর একটি দল এবং ভারতীয় নৌবাহিনীর দুটি জাহাজও অংশ নেবে।

প্রধানমন্ত্রী সেশেলসে তিন দিনের রাষ্ট্রীয় সফরে রয়েছেন। এই সফর ভারত ও সেশেলসের মধ্যকার দৃঢ় ও দীর্ঘস্থায়ী বন্ধুত্বকে পুনর্ব্যক্ত করে এবং সব ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদারে উভয় দেশের যৌথ অঙ্গীকারকে আরও শক্তিশালী করে তোলে।

**************************

অপারেশন আমিস্তাদ'-এর আওতায় পাঠানো ভারতের সহায়তা ভেনেজুয়েলায় পৌঁছেছে। সামাজিক মাধ্যমের এক বার্তায় বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর আশা প্রকাশ করেছেন যে, ফিল্ড হাসপাতাল ইউনিট, ত্রাণসামগ্রী, ওষুধ এবং চিকিৎসা সরঞ্জাম দেশটিতে ভূমিকম্প-পরবর্তী চলমান ত্রাণ কার্যক্রমকে আরও জোরদার করবে।

**************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আজ ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী পি ভি নরসিমা রাও-এর জন্মবার্ষিকীতে তাঁকে শ্রদ্ধা নিবেদন করেছেন। সোশ্যাল মিডিয়ায় এক বার্তায় প্রধানমন্ত্রী মোদী দেশের ইতিহাসের এক সংকটময় মুহূর্তে ভারতের অগ্রগতির ক্ষেত্রে প্রাক্তন প্রধানমন্ত্রীর দীর্ঘস্থায়ী অবদানের কথা স্মরণ করেন।

**************************

মার্কিণ যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যুদ্ধবিরতি কার্যত ভেঙে পড়ার পর পশ্চিম এশিয়ায় নিরাপত্তা পরিস্থিতি মারাত্মক অবনতি ঘটেছে। গত কয়েক ঘণ্টায় উভয় পক্ষই নতুন করে সামরিক হামলা চালিয়েছে। একটি বাণিজ্যিক তেলবাহী ট্যাঙ্কারে ড্রোন হামলার জন্য তেহরানকে দায়ী করার পর, মার্কিণ বাহিনী হরমুজ প্রণালীর কাছে ইরানের দশটি সামরিক লক্ষ্যবস্তুতে বিমান হামলা চালানোর কথা জানিয়েছে। মার্কিণ যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড - সেন্টকম জানিয়েছে যে, এই অভিযানের লক্ষ্যবস্তু ছিল নজরদারি পরিকাঠামো, যোগাযোগ ব্যবস্থা, বিমান প্রতিরক্ষা কেন্দ্র, ড্রোন সংরক্ষণ কেন্দ্র এবং মাইন গুলি ধ্বংস করে দেওয়া। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সতর্ক করে দিয়েছেন যে, যুদ্ধবিরতি আরও লঙ্ঘিত হলে তা আরও ব্যাপক সামরিক অভিযান চলতে পারে।

**************************

আই সি সি মহিলা টি-টোয়েন্টি বিশ্বকাপে আজ লন্ডনের লর্ডস ক্রিকেট গ্রাউন্ডে গ্রুপ-এ-র শেষ ম্যাচে ভারত অস্ট্রেলিয়ার মুখোমুখি হবে। খেলা শুরু হবে ভারতীয় সময় সন্ধ্যা ৭টায়।

***************************

ভারতের কিদম্বি শ্রীকান্ত ক্যালিফোর্নিয়ায় ইউএস-ওপেন ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপে পুরুষদের সিঙ্গলস এর ফাইনালে উঠেছেন। সেমিফাইনালে শ্রীকান্ত ২২-২০, ১৫-২১, ২১-১৯ এ জাপানের ইউদাই ওকিমোতোকে হারিয়ে দেন।

*******************************************************************